

- ৬। প্রবাস পর্যায়ের পদে নায়ক-নায়িকার স্থানগত দূরত্বের উল্লেখ নিতান্ত আবশ্যিক নয়, দূরত্ব আসলে একটি মানসিক নির্মাণ। অথবা প্রচলিত কিংবদন্তীতে কৃষের মথুরাগমন যেহেতু একটি সুপরিচিত ব্যাপার, তাই বিরহের পদে প্রচলিত মথুরা প্রবাস উপস্থিত থাকেই। তোমার পড়া পদাবলি থেকে যে-কোনো একটি উপযুক্ত উদাহরণ তুলে এই প্রসঙ্গটি বুঝিয়ে দাও।
- ৭। ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ কাব্য চৈতন্য আবির্ভাবের কারণগুলি কীভাবে উপস্থাপিত হয়েছে, সংক্ষেপে আলোচনা করে বুঝিয়ে দাও।
- ৮। ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ কাব্যে চৈতন্যদেবকে ‘রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্’ বলা হয়েছে কেন? প্রাসঙ্গিক শ্লোক অবলম্বনে আলোচনা করো।
- ৯। ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য রচনায় মালাধার বসুর স্বাতন্ত্র্য সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

- ১০। ঢীকা লেখো। (যে-কোনো দুটি) :
- ক) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে বজ্রাভ প্রসঙ্গ।
- খ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যে হরিবংশ কাব্যের প্রভাব।
- গ) ব্যাখ্যা করো :
- পঞ্চনত্ত্বাত্মকং কৃষ্ণ ভক্তরূপস্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকং।।
- ঘ) শ্রীচৈতন্যচরিতামৃত কাব্য অনুযায়ী ‘কৃষ্ণভক্তির বাধক’ থেকে ‘বিদ্যুনাশ’-এর উপায়।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, প্রথম সিমেস্টার)

বাংলা

কোর্স : পি জি ১.৪

মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। শ্রীমদ্ভগবদগীতা ‘ভক্তিযোগ’ অধ্যায়ে ভক্তির যে চেহারাটি তুলে ধরেছেন তার প্রধান বৈশিষ্ট্য কী? শাঙ্গিল্য এবং নারদ ভক্তিসূত্র কোথায় ভক্তির এই কাঠামোর চাইতে স্বতন্ত্র হয়ে সংক্ষেপে লেখো।

অথবা

- ২। কৃষ্ণকেন্দ্রিক ভক্তিসাহিত্যে কীভাবে কৃষ্ণ ঈশ্বর হয়ে উঠেছেন তার একটি সংক্ষিপ্ত খতিয়ান উপস্থিত করো।

অথবা

- ৩। ভক্তিরস আদতে রস হিসাবে স্বীকৃত না হলেও কালক্রমে ভক্তিই গোড়ীয় বৈষ্ণব সমাজে প্রধান রস হয়ে ওঠে। ভক্তিরসের এই যাত্রাপথটির একটি রূপরেখা তৈরি করো।

- ৪। বৈষ্ণব পদাবলিতে সন্তোগের পদ প্রায়শই স্মৃতিচারণ হয়ে ওঠে। তোমার পড়া দু-একটি পদ অবলম্বনে এই কথাটি সমর্থন বা প্রত্যাখ্যান করে একটি সন্দর্ভ রচনা করো।

অথবা

- ৫। গোবিন্দদাসের একটি পদ অবলম্বন করে প্রেমবৈচিন্ত্য রসপর্যায়ের অভিনবত্ব কোথায় বুঝিয়ে দাও।

অথবা